

একাকী নয়

ছেড়ে যেতেই হয় যদি
একাকীই সব নয়,
অমাবস্যার আঁধার ছুয়ে
কখনই নয় ।

পূর্ণিমা ঘেরা রাতে
কিংবা রিমঝিম বৃষ্টিতে,
শারদীয় কাশবনের
কবিতার আসর ছেড়ে
কখনই নয় ।

নীল আকাশ যখন
ডানা মেলা পাখির ভীড়ে একাকার
সে সময় নয় ।

ছেড়ে যেতেই হয় যদি
একাকী কখনই নয় ।
এভাবে কখনই নয় ।

জাভেদ আকতার
প্রথমকবিতা@জিমেইল.কম ।